ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৬১৬
জিরানীয়া,৮ মে,২০২৫

**ত্রিপুরা তথা সমগ্র ভারতকে টিবি মুক্ত করার জন্য ঐক্যবদ্ধ প্রচেষ্টা নিতে হবে : পরিবহণমন্ত্রী**

টিবিমুক্ত ভারত গড়ার লক্ষ্যে সকল সচেতন নাগরিকদের পাশাপাশি এলাকার জনপ্রতিনিধিদেরও এগিয়ে আসতে হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ডাকে সাড়া দিয়ে ত্রিপুরা তথা সমগ্র ভারতকে টিবিমুক্ত করার জন্য ঐক্যবদ্ধ প্রচেষ্টা নিতে হবে। আজ জিরানীয়ার অগ্নিবীণা হলে টিবিমুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসেবে আয়োজিত এক অনুষ্ঠানের প্রধান অতিথি পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। তিনি বলেন, এক সময় এই রোগ হলে মানুষের মধ্যে আতঙ্ক সৃষ্টি হতো এবং অনেক ক্ষেত্রেই রোগী মৃত্যুবরণ করতেন। কিন্তু আজকের দিনে চিকিৎসা বিজ্ঞানের অগ্রগতির ফলে এই রোগ পুরোপুরি নিরাময়যোগ্য। প্রয়োজন শুধু নিয়মিত চিকিৎসা, ওষুধ সেবন এবং পুষ্টিকর খাদ্য গ্রহণ। এই অভিযানের কেন্দ্রে রয়েছে একটি অসাধারণ ও মানবিক উদ্যোগ নিক্ষয় মিত্র। নিক্ষয় মিত্র এমন ব্যক্তি বা প্রতিষ্ঠান যারা টিবি রোগীদের দত্তক নিয়ে তাদের চিকিৎসা ও পুনরুদ্ধারের পুরো সময়টিতে সহায়তা করেন ও পাশে থাকেন। এই উদ্যোগের অংশ হিসেবে তিনি নিজে নিক্ষয় মিত্র হিসেবে এগিয়ে এসেছেন এবং ঘোষণা করেছেন যে, মজলিশপুরের সকল টিবি রোগীদের তিনি প্রতি মাসে পুষ্টিকর খাবার প্রদান করবেন এবং তা অব্যাহত থাকবে যতদিন না তারা সম্পূর্ণ সুস্থ হয়ে উঠেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা টিবি আধিকারিক ড. মৌসুমী ঘোষ। তাছাড়া বক্তব্য রাখেন এন.এইচ.এম.-এর ম্যানেজিং ডিরেক্টর প্রশান্ত বাদল নেগি। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ। জিরানীয়া কমিউনিটি স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে এবং রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সোসাইটির সহযোগিতায় এই অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, জিরানীয়া ব্লকের বিডিও তুষার আলম, বিশিষ্ট সমাজসেবী রনজিৎ রায় চৌধুরী, পার্থসারথী সাহা। অনুষ্ঠানে এলাকার টিবি রোগে আক্রান্ত ব্যক্তিদের পরিবারগুলিকে পুষ্টি সামগ্রী তুলে দেন অতিথিগণ।

*****